**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 8/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ঘোষণা করলেন যে বাইডেন প্রশাসন আমেরিকান উদ্ধার পরিকল্পনার মাধ্যমে ক্ষুদ্র ব্যবসাকে সমর্থন করার জন্য নিউ ইয়র্ক স্টেটকে 500 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে

***মার্কিন ট্রেজারি ডিপার্টমেন্টের স্টেট ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগ থেকে পাওয়া তহবিল কোভিড-19 মহামারীর অর্থনৈতিক প্রভাব থেকে পুনরুদ্ধারের চেষ্টায় থাকা ব্যবসাসমূহকে সমর্থন করবে***

***সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ক্ষুদ্র ব্যবসার জন্য তহবিল অন্তর্ভুক্ত***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে স্টেট ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগের (State Small Business Credit Initiative, SSBCI) মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট 501.5 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল পেয়েছে, যা আমেরিকান উদ্ধার পরিকল্পনা অ্যাক্টের (American Rescue Plan Act, ARP) অংশ হিসেবে পুনরায় অনুমোদিত ও সম্প্রসারিত করা হয়েছে। মার্কিন ট্রেজারি ডিপার্টমেন্ট (U.S. Department of Treasury) দ্বারা ব্যবস্থাপিত, SSBCI ক্ষুদ্র ব্যবসার সমর্থন কর্মসূচির জন্য তহবিল প্রদান করে, যেখানে কোভিড-19 মহামারীর অর্থনৈতিক প্রভাব থেকে পুনরুদ্ধারের চেষ্টায় থাকা ব্যবসাসমূহের প্রতি গুরুত্ব প্রদান করা হয় এবং গতানুগতিকভাবে সুবিধাবঞ্চিত ক্ষুদ্র ব্যবসাসমূহকে মহামারী পরবর্তী অর্থনীতিতে সফল হতে সাহায্য করা হয়।

"ক্ষুদ্র ব্যবসাসমূহ আমাদের অর্থনীতির মেরুদণ্ড, এবং অনেক বেশি ক্ষুদ্র ব্যবসার মালিক এখনো মহামারীর অর্থনৈতিক চাপ বহন করে যাচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "এই ঐতিহাসিক তহবিলটি সবকিছু পাল্টে দিবে - ক্ষুদ্র ব্যবসাসমূহের জন্য অতি গুরুত্বপূর্ণ একটি লাইফলাইন হিসেবে কাজ করবে, উদ্ভাবনী প্রবৃদ্ধিতে ইন্ধন প্রদান করবে, এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে সর্বাধিক দুর্বল সম্প্রদায়সমূহকে উত্থিত করতে সাহায্য করবে। আমি রাষ্ট্রপতি বাইডেন, সচিব ইয়েলেন, সিনেটর শুমার, সিনেটর জিলিব্র্যান্ড এবং নিউ ইয়র্ক কংগ্রেশনাল প্রতিনিধিদলের (New York Congressional delegation) ডেমোক্র্যাটদের আমেরিকান উদ্ধার পরিকল্পনায় তাদের নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাচ্ছি এবং আমি এম্পায়ার স্টেটের অর্থনীতিকে অগ্রসর করতে একত্রে কাজ করা অব্যাহত রাখতে উন্মুখ।"

**ট্রেজারির সচিব জ্যানেট এল. ইয়েলেন বলেন,** "এটি উদ্যোগ, ক্ষুদ্র ব্যবসার প্রবৃদ্ধি, এবং উদ্ভাবনের জন্য আমেরিকান উদ্ধার পরিকল্পনার মাধ্যমে করা একটি ঐতিহাসিক বিনিয়োগ যা

গতানুগতিকভাবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য ক্যাপিটাল পাওয়ার সুযোগের প্রতিবন্ধকতা হ্রাস করতে সাহায্য করবে। আমি এটি দেখতে উৎসুক যে কীভাবে SSBCI তহবিল নিউ ইয়র্ক এবং পুরো দেশে ইকুয়িটেবল অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রচার করবে।"

**মার্কিন সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস ই. শুমার বলেন,** "এই ঐতিহাসিক 500 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিলটি হলো সেই টিকা যা নিউ ইয়র্কের ক্ষুদ্র ব্যবসাসমূহের মহামারী থেকে পুনরুদ্ধার পেতে এবং আমাদের স্থানীয় অর্থনীতিকে পুনর্গঠন করার জন্য প্রয়োজন ছিলো। এই ফেডারেল সহায়তা সুবিধাবঞ্চিত ব্যবসাসমূহকে সমর্থন করতে, উদ্যোক্তাদের প্রতি এবং মুখ্য শিল্পখাত যেমন উৎপাদন এবং দেশের সরবরাহ চেইনের চাহিদা পূরণ করতে পরিচ্ছন্ন শক্তির মতো ক্ষুদ্র ব্যবসায় বিনিয়োগ করতে, এবং যেসব সম্প্রদায়ে ভালো বেতনের কর্মসংস্থান সবথেকে বেশি প্রয়োজন সেখানে তা তৈরি করতে সাহায্য করবে। সংখ্যাগরিষ্ঠ নেতা হিসেবে, আমি আমেরিকান উদ্ধার পরিকল্পনার অংশ হিসেবে স্টেট ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগের ফেডারেল বিনিয়োগ নিশ্চিত করার জন্য জোর লড়াই করেছি, যাতে করে মহামারীর সময় দেশের ক্ষুদ্র ব্যবসাসমূহে যে নজিরবিহীন সমস্যার সম্মুখীন হয়েছে তা সমাধান করা যায় এবং আমি এখন নিউ ইয়র্ককে এই ফেডারেল তহবিল দিতে পেরে গর্বিত যা স্টেটের ক্ষুদ্র ব্যবসা ও উৎপাদন ভিত্তি গঠন করবে যাতে করে আমাদের পুনরুদ্ধার ত্বরান্বিত করা যায় এবং আমাদের অর্থনীতিকে ভবিষ্যতের পথে চালনা করা যায়।"

**সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন,** "আমি আমেরিকান উদ্ধার পরিকল্পনায় SSBCI-র জন্য এই ঐতিহাসিক তহবিল নিশ্চিত করতে সাহায্য করতে পেরে অত্যন্ত গর্বিত। এই তহবিলটি অতি গুরুত্বপূর্ণ সংস্থান প্রদান করবে এবং আমাদের স্টেটের ক্ষুদ্র ব্যবসার মালিকদের জন্য ক্যাপিটাল পাওয়ার সুযোগ বৃদ্ধি করবে। নিউ ইয়র্কের ক্ষুদ্র ব্যবসাসমূহের জন্য লড়াই করার অর্থ হলো আমাদের স্টেটের একটি উজ্জ্বল ভবিষ্যৎ এবং অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য লড়াই করা।"

**প্রতিনিধি ক্যারোলিন ম্যালোনি বলেন,** "ক্ষুদ্র ব্যবসাসমূহ নিউ ইয়র্ক সিটির প্রাণশক্তি, কিন্তু দুঃখজনকভাবে, তারা কোভিড-19 সঙ্কটের দ্বারা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। আমি অত্যন্ত খুশি যে কংগ্রেস আমেরিকান উদ্ধার পরিকল্পনা প্রদান করতে পারছে, যা পুরো সিটি এবং স্টেটে সংগ্রাম করতে থাকা অনেক ব্যক্তি ও ক্ষুদ্র ব্যবসাকে সাহায্য করেছে। আজকের দিনটি ARP থেকে যাদের প্রয়োজন তাদের পকেটে তহবিল পাঠানোর জন্য একটি অতি গুরুত্বপূর্ণ ধাপ যেহেতু হোয়াইট হাউজ আনুষ্ঠানিকভাবে নিউ ইয়র্ক স্টেটের 501 মিলিয়ন মার্কিন ডলারের ক্ষুদ্র ব্যবসা অর্থায়ন পরিকল্পনাকে আমেরিকান উদ্ধার পরিকল্পনা স্টেট ক্ষুদ্র ব্যবসা ক্রেডিট উদ্যোগের অধীনে অনুমোদন প্রদান করেছে। আমি রাষ্ট্রপতির সাথে দ্রুত কাজ করার জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি যার ফলে আমাদের অভাবী ক্ষুদ্র ব্যবসাগুলি তাদের ব্যবসা সচল রাখতে পারে।"

**প্রতিনিধি গ্রেগরি মিকস বলেন,** "ক্ষুদ্র ব্যবসাসমূহ আমাদের অর্থনীতির মেরুদণ্ড। আমেরিকান উদ্ধার পরিকল্পনার SSBCI তহবিল ব্যবহার করার জন্য গভর্নর হোকলের পরিকল্পনা উপলব্ধি করে যে মহামারী পরবর্তী অর্থনীতিতে ক্ষুদ্র ব্যবসাসমূহ নিজেদের সম্প্রদায়ের অর্থনৈতিক বিকাশে কী অবিচ্ছেদ্য ভূমিকা পালন করে। এটি বিশেষ করে সংখ্যালঘু এবং নারী

মালিকানাধীন ব্যবসাসমূহকে তাদের অব্যাহত প্রবৃদ্ধির ক্ষেত্রে কাঠামোগত এবং প্রাতিষ্ঠানিক সমস্যা সমাধান করার জন্য প্রয়োজনীয় সংস্থান প্রদান করে।"

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন,** "নিউ ইয়র্ক কোভিড--19 এর বিধ্বংসী প্রভাব দ্বারা সবথেকে বেশি ক্ষতিগ্রস্তদের মধ্যে রয়েছে, এবং আমাদের স্টেটের অনেক ক্ষুদ্র ব্যবসা এখনো পুনরুদ্ধারের চেষ্টা করছে। SSBCI তহবিল এইসব ব্যবসাগুলিকে অনেক সাহায্য করবে, বিশেষ করে তাদের যারা ঐতিহাসিকভাবে অসুবিধার সম্মুখীন হয়, যেমন MWBE গুলি।ব্যবসাসমূহের প্রয়োজনের কথা মাথায় রেখে নকশা করা কর্মসূচিসমূহের একটি মিশ্রণের মাধ্যমে, ESD নিশ্চিত করবে যাতে এই অতি গুরুত্বপূর্ণ সমর্থন তাদের কাছে পৌঁছায় যাদের এটি সবথেকে বেশি প্রাপ্য।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট কর্মসূচির একটি সুইট স্থাপন করছে যা স্টেটের ক্ষুদ্র ব্যবসাসমূহের অতি গুরুত্বপূর্ণ চাহিদার প্রতি ফেডারেল সমর্থন ম্যাচ করবে। এই প্রোগ্রামিংয়ের মধ্যে রয়েছে নতুন উদ্যোগ ও বিদ্যমান কর্মসূচি সম্প্রসারণ করার একটি মিশ্রণ, যার মূল লক্ষ্য থাকবে তহবিল ব্যবস্থাপক এবং স্টার্টআপ, এবং কারিগরি সহায়তার জন্য ক্যাপিটাল অ্যাক্সেস, ঋণের গ্যারান্টি, ঋণ অংশগ্রহণ কর্মসূচি, জামানত সমর্থন, ভেঞ্চার ক্যাপিটাল। প্রস্তাবিত কর্মসূচিসমূহের মধ্যে রয়েছে:

**ক্যাপিটাল অ্যাক্সেস কর্মসূচি:**

- **29.4 মিলিয়ন মার্কিন ডলারের ক্যাপিটাল অ্যাক্সেস কর্মসূচি (Capital Access Program) (বিদ্যমান কর্মসূচির সম্প্রসারণ)** - এই কর্মসূচিগুলি ক্ষুদ্র ব্যবসাকে ঋণ প্রদান করে এমন ঋণদাতাদের পোর্টফোলিও বীমা প্রদান করে যাতে করে এইসব এনটিটিকে ঋণ প্রদান সম্প্রসারণ করার জন্য প্রণোদনা প্রদান করা যায়।

**সাশ্রয়ী ঋণ কর্মসূচি:**

- **106.1 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল ঋণ তহবিল (Capital Loan Fund) (নতুন কর্মসূচি)** - ঋণ ইনস্ট্রুমেন্ট এবং ক্রেডিট কাঠামোর মাধ্যমে দীর্ঘমেয়াদি ক্যাপিটাল বিনিয়োগ প্রদান করবে। এইসব ক্যাপিটাল ঋণের উপযুক্ত ব্যবহার অত্যন্ত নমনীয়, এবং এর উদ্দেশ্য হলো সামাজিক ও অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত ব্যবসাসমূহকে ক্যাপিটাল সমর্থন প্রদান করা।
- **55.5 মিলিয়ন মার্কিন ডলারের ক্ষুদ্র ব্যবসা আবর্তিত ঋণ তহবিল (Small Business Revolving Loan Fund) (বিদ্যমান কর্মসূচির সম্প্রসারণ)** - এই তহবিলটি ক্যাপিটাল পাওয়ার সুযোগ ইক্যুইটেবল না হওয়ার সমাধান করবে, নতুন কোম্পানি, আন্ডারব্যাংকড সম্প্রদায়, ক্ষুদ্র ব্যবসা যেগুলি সংখ্যালঘু মালিকানাধীন হওয়ার সম্ভাবনা বেশি, তারা যেই ঘাটতির সম্মুখীন হয় তা সমাধান করবে।

- **47 মিলিয়ন মার্কিন ডলারের নিউ ইয়র্ক ফরোয়ার্ড ঋণ তহবিল (New York Forward Loan Fund) (বিদ্যমান কর্মসূচির সম্প্রসারণ)** - একটি ঋণ কর্মসূচি যা বিনিয়োগকারীদের একত্রিত মূলধন দ্বারা অর্থায়িত হয়, যাতে ক্ষুদ্র ব্যবসাসমূহ এবং অলাভজনক সংগঠনকে অংশগ্রহণকারী সম্প্রদায় বিকাশের আর্থিক প্রতিষ্ঠানের (Community Development Financial Institution, CDFI) ঋণদাতাদের মাধ্যমে আরো নমনীয়, কম সুদের ঋণ প্রদান করা যায়।
- **22 মিলিয়ন মার্কিন ডলারের বন্ডিং গ্যারান্টি কর্মসূচি (Bonding Guarantee Program) (বিদ্যমান কর্মসূচির সম্প্রসারণ)** - ক্ষুদ্র ব্যবসার জন্য বন্ডিং সংশ্লিষ্ট ঝুঁকি হ্রাসের জন্য নিশ্চয়তা বন্ডিং প্রদান করে।
- **22 মিলিয়ন মার্কিন ডলারের ঠিকাদার অর্থায়নের আবর্তিত ঋণ তহবিল (Contractor Financing Revolving Loan Fund) (নতুন কর্মসূচি)** - ফেডারেল, স্টেট, এবং স্থানীয় চুক্তি নিশ্চিত করার জন্য ম্যাচিং মার্কিন ডলারের প্রয়োজনে থাকা ঠিকাদারদের প্রয়োজনীয় তহবিল প্রদান করে।

**ইক্যুইটেবল ভেঞ্চার বিনিয়োগসমূহ:**

- **102 মিলিয়ন মার্কিন ডলারের উদীয়মান এবং আঞ্চলিক অংশীদার কর্মসূচি তহবিল (Emerging and Regional Partner Program Fund) (নতুন কর্মসূচি)** - এই কর্মসূচিটি বৈচিত্র্যময়, উদীয়মান, এবং আঞ্চলিক বেসরকারি খাতের তহবিল ব্যবস্থাপকদের প্রবৃদ্ধি ও প্রতিষ্ঠা সমর্থন করবে।
- **52 মিলিয়ন মার্কিন ডলারের সম্প্রদায় ও আঞ্চলিক অংশীদার কর্মসূচি তহবিল (Community and Regional Partner Program) (নতুন কর্মসূচি)** - ESD নির্বাচিত এক্সেলেটরসমূহকে তহবিল প্রদান করবে যা ব্যবহার করে নিউ ইয়র্ক স্টেটের স্টার্টআপ কোম্পানিসমূহে বেসরকারি মার্কিন ডলার বিনিয়োগ আনা যাবে।
- **30 মিলিয়ন মার্কিন ডলার প্রাক-সিড এবং সিড ম্যাচিং তহবিল কর্মসূচি (Pre-seed and Seed Matching Fund Program) (নতুন কর্মসূচি)** - ESD নিউ ইয়র্ক স্টেটব্যাপী এঞ্জেল গ্রুপ এবং প্রাক-সিড বিনিয়োগকারীদের সাথে কাজ করবে উচ্চ প্রবৃদ্ধির স্টার্টআপ কোম্পানিগুলির প্রবৃদ্ধি ও বিকাশের একদম প্রারম্ভিক পর্যায়ে তাদের প্রতি সমর্থন অব্যাহত রাখার জন্য।
- **35 মিলিয়ন মার্কিন ডলার নিউ ইয়র্ক স্টেট উদ্ভাবন ভেঞ্চার ক্যাপিটাল তহবিল (New York State Innovation Venture Capital Fund) (বিদ্যমান কর্মসূচির সম্প্রসারণ)** - 2015 সাল থেকে, ESD নিউ ওয়ার্ক ভেঞ্চার্স তহবিল ব্যবস্থাপনা করেছে, এটি 40টির বেশি পোর্টফোলিও কোম্পানি নিয়ে একটি বিনিয়োগ কর্মসূচি - যার 65 শতাংশ নারী এবং/অথবা সংখ্যালঘুদের দ্বারা প্রতিষ্ঠিত বা চালিত। SSBCI তহবিলগুলি এই সরাসরি বিনিয়োগের তহবিল কর্মসূচিকে আরো বেশি প্রয়োগ করবে।

আগামী 90 দিনে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট অতিরিক্ত কর্মসূচির নির্ণায়ক এবং নির্দেশনা স্থাপন করবে, এবং ফল মৌসুমে আনুষ্ঠানিক কর্মসূচির জন্য নির্দিষ্ট আবেদন প্রক্রিয়া ঘোষণা

করা হবে।

আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে esd.ny.gov/ssbci ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন